

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/

তারিখঃ ২৯/০৮/২০২৩

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদের ইউনিয়ন আইন-শৃংখলা কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর।

সভার স্থানঃ কামারখালী ইউনিয়ন পরিষদ হল রুম।

সভার তারিখঃ ২৯/০৮/২০২৩ ইং রোজ মঙ্গলবার।

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব মোছাঃ মমতাজ বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোছাঃ জোহরা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য- ৪,৫,৬	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব মোছাঃ আছমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব মোঃ জসীম শেখ	ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপিসদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব মোঃ ছরোয়ার ফকির	ইউপিসদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী	ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯	জনাব মোঃ মতিয়ার রহমান	ইউপি সদস্য-৫	সদস্য	স্বাক্ষরিত	
১০	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব মোঃ আবুল কালাম আজাদ	ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু	ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক	ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	
১৪	জনাব নব কুমার দত্ত	সরকারি প্রাঃবিঃ শিক্ষক	সদস্য	স্বাক্ষরিত	
১৫	জনাব রনজিতা মিত্র	পরিবার কল্যান সহকারী	সদস্য	স্বাক্ষরিত	
১৬	জনাব মোঃ আমিরুল ইসলাম	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৭	জনাব রাকেশ মল্লিক	ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক	সদস্য	স্বাক্ষরিত	
১৮	জনাব গৌরী রানী চক্রবর্তী	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
১৯	জনাব মন্দিরা বোস	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২০	জনাব আফিয়া আক্তার	ইউপি সচিব	সদস্য	স্বাক্ষরিত	

অদ্যকার সভায় ইউ.পি চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অদ্যকার উপস্থিত সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার দায়িত্বশীল প্রতিনিধিগণ কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সদস্যগণের পরিচিতি ও ইউনিয়নের আইন-শৃংখলা নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় ৪ নং ওয়ার্ডের সদস্য জনাব আছাদুজ্জামান মুসী জানান যে, বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ, সালামতপুর এ চুরির প্রকোপ খুব বৃদ্ধি পেয়েছে। সেখানে গরু, ছাগলসহ সব ধরনের চুরি হয়ে থাকে। ওখানের লোকজন এসব ঘটনার জন্য অতিষ্ট হয়ে পড়েছে। এ বিষয়ে ৪ নং ওয়ার্ডের গ্রাম পুলিশ কোনো ধরনের সহযোগিতা করেন না বলে তিনি দাবি করেছেন। ৪ নং ওয়ার্ডের সদস্য এ বিষয় নিয়ে খুবই উদ্ভিগ্ন। তিনি এ চুরির ঘটনার প্রতিকার চেয়েছেন সভাপতির কাছে। এবং এ বিষয়ে সভাপতি সাহেব পদক্ষেপ নিবে বলে জানিয়েছেন।

সভায় ৭ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আবুল কালাম আজাদ জানান যে, তার ওয়ার্ডে ২-৩ টি ঘটনা ঘটেছে। ৭ নং ওয়ার্ডে বিভিন্ন ধরনের সমস্যা পরিলক্ষিত হচ্ছে যা নিয়ে তিনি উদ্ভিগ্ন। সেখানে মারামারি, মাদকদ্রব্য সেবন করতে দেখা যায়। এমনকি ইউনিয়ন পরিষদের আশে-পাশেও এসব ঘটনা দেখা যায়। এক্ষেত্রে তিনি গ্রাম পুলিশদেরকে যারা মাদক সেবন করে তাদের নামগুলো লিখে জানাতে বলেছে। তিনি আরও বলেন যে, তার ওয়ার্ডের ওখানে মাগুরা জেলার বর্ডার। তার মতে, যারা মাদক সেবন করে তারা প্রায়ই মাগুরা জেলার। তিনি ৭ নং ওয়ার্ডের সকল অভিভাবককে নিয়ে তার ওয়ার্ডে আইন-শৃংখলা মিটিং করার কথা জানান। তিনি সকলকে এ বিষয়ে সহযোগিতা করার কথা বলেন।

৮ নং ওয়ার্ডের সদস্য মোঃ সাজেদুল ইসলাম দুলা জানান যে, বিশ্বাসপাড়া মোড়ে কয়েকটি দোকানে জুয়া খেলার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। তিনি এ বিষয় নিয়ে খুবই উদ্ভিগ্ন। এক্ষেত্রে তিনি চেয়ারম্যানসহ ভিড অফিসারকে সহযোগিতা করার কথা জানান।

এছাড়া অন্যান্য সকল ওয়ার্ডের সদস্যগণ তাঁদের ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এক এক করে সকলেই বলতে থাকেন। তাদের ওয়ার্ডে কোনো ধরনের আইন-শৃংখলার ব্যাঘাত ঘটেনি বলে তারা জানান। তারা সকলেই ইউনিয়নের আইন-শৃংখলা নিয়ন্ত্রণে কাজ করে যাবেন বলে তাঁদের আশা ব্যক্ত করেন।

পরিশেষে, সভায় সভাপতি সাহেব ইউনিয়ন গ্রাম পুলিশদের ইউনিয়ন আইন-শৃংখলার পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। এবং তিনি ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতির যেন কোন অবনতি না ঘটে সেদিকে সকল গ্রাম পুলিশদের সতর্ক থাকতে বলেন। তাছাড়া ইউনিয়নের আইন শৃংখলায় কোন ব্যাঘাত ঘটলে তাঁরা যেন এ বিষয়ে সকলকে সহযোগিতা করেন সে বিষয়েও তিনি নিশ্চিত করেন। সভায় সভাপতি সাহেব আরও বলেন যে, কামারখালী ইউনিয়নে আইন-শৃংখলা যেন স্বাভাবিক অবস্থায় থাকে সেদিকে সকলকে সর্বাত্মক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। সভাপতি সাহেব সকলকে আইন-শৃংখলা সম্পর্কে আরও সচেতন হতে বলেন এবং সতর্ক থাকতে বলেন এবং সবাইকে একসাথে কাজ করতে বলেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষণা করেন।

সভাপতি

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

তারিখ: ২৯/০৮/২০২৩ খ্রি:

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/

তারিখ: ২৯/০৮/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।

১। মাননীয়, উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।

২। মাননীয়, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।

৩। অফিস কপি।